

# 20th Meeting of Indian Ocean Rim Association Council of Ministers

December 17, 2020

## ভারত মহাসাগর রিম অ্যাসোসিয়েশন কাউন্সিলের মন্ত্রীদের 20 তম সভা ডিসেম্বর 17, 2020

1. 2020 সালের 17 ডিসেম্বর সংযুক্ত আরব আমিরশাহী, আইওআরএ-এর সভাপতিত্বে ভারত মহাসাগর রিম অ্যাসোসিয়েশন (আইওআরএ) মন্ত্রিপরিষদের (সিওএম) 20 তম সভায় বিদেশ মন্ত্রকের রাজ্যমন্ত্রী শ্রী ভি. মুরালিধরন নেতৃত্ব দেন। সভায় সকল 22 সদস্য রাষ্ট্র এবং 10 টি মতবিনিময়কারী সহযোগীদের অংশগ্রহণ করতে দেখা গেছে। এই বৈঠকে আইওআরএ সদস্য দেশসমূহের সাধারণ স্বার্থসম্বন্ধিত বিভিন্ন আঞ্চলিক ও সর্বজনীন বিষয় নিয়ে আলোচনা করা হয়েছিল। কোভিড-19 এর প্রতিক্রিয়ায় আমিরশাহীর সরকারি বিজ্ঞপ্তি এবং আইওআরএ-এর সংহতি ও সহযোগিতা বিবৃতি গ্রহণ করেছে সিওএম।

2. রাজ্যমন্ত্রী তার ভাষণে ভারত মহাসাগর অঞ্চল এবং বৃহত্তর ইন্দো-প্যাসিফিক অঞ্চলে এলাকাভিত্তিক সহযোগিতার প্রচার মাধ্যম হিসাবে আইওআরএ-এর গুরুত্ব তুলে ধরেছিলেন। আইওআরএ-এর দুটি প্রাথমিক কর্মক্ষেত্র যথা বিপর্যয় মোকাবিলা ব্যবস্থাপনা এবং শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে সমন্বয়কারী দেশ হিসাবে ভারত যে অবদান রেখেছে তা তিনি উল্লেখ করেছিলেন। মহামারী-পরবর্তী ব্যাপক পুনরুদ্ধারের বিষয়টি মাথায় রেখে রাজ্যমন্ত্রী আইওআরএ সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে প্রচলিত ওষুধ ও সুস্বাস্থ্য পর্যটন ক্ষেত্রে আরও বেশি সহযোগিতা করার আহ্বান জানিয়েছিলেন। আইওআরএ-কে শক্তিশালী করার ক্ষেত্রে ভারতের প্রতিশ্রুতিকে সামনে রেখে রাজ্যমন্ত্রী আইওআরএ সচিবালয়ে ভারতের আইটি বিশেষজ্ঞ নিয়োগের বিষয়টি উল্লেখ করেছেন এবং আইওআরএ সচিবালয়ে ই-অফিস সিস্টেম প্রয়োগ এবং মহান্বা গান্ধী গ্রন্থাগার স্থাপনের মাধ্যমে ভারতের উদ্যোগগুলি ঘোষণা করেছিলেন।

3. আইওআরএ-এর প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে ভারত 1997 সালে প্রতিষ্ঠার পর থেকে তার উন্নতির জন্য প্রতিশ্রুতিবদ্ধ। 2011 সালে আইওআরএ-এর সভাপতি থাকাকালীন সময় ভারত আইওআরএ-এর সমস্ত কার্যক্রমের নীতি নির্দেশনাকারী ছয়টি প্রাথমিক ক্ষেত্র অধিগ্রহণ করেছে। ভারত আইওআরএ-কে বৃহত্তর আন্তঃ-আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে ইন্দো-প্যাসিফিকের শান্তিপূর্ণ স্থিতিশীলতা ও সমৃদ্ধির উন্নয়নের এক অনন্য মাধ্যম হিসাবে দেখেছে।

**নিউ দিল্লি**

**ডিসেম্বর 17, 2020**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.